গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ
রাঙ্গামাটি
**www.rhdc.gov.bd, E-mail: cht.rhdc.yahoo.com**

স্মারক নং- ২৯.৩৪.৮৪০০.২০১.৯৯.০০১.২৫/ ২৪৭ তারিখ: ১৪/০৯/২০২৫ খ্রি.

## "পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি"

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ১৯/০৬/২০২৫ খ্রি. তারিখের ৫৯.০০.০০০০.১১১.১১.০২৯.২৪.১৪৮ নম্বর স্মারক মূলে প্রদত্ত ছাড়পত্র মোতাবেক রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদে হস্তান্তরিত আঞ্চলিক জনসংখ্যা প্রশিক্ষণ ইনস্টিটিউ (RPTI), রাঙ্গামাটি'র (১৪-২০) তম গ্রেডের ০৮ ক্যাটাগরির ০৯ (নয়)টি শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে রাঙ্গামাটি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে) ও বর্ণিত শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | আবেদন দাখিলের শেষ তারিখে বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১। | প্রধান সহকারী (গ্রেড-১৪ তম)<br>বেতন স্কেল: ১০,২০০- ২৪,৬৮০/- | ০১ (এক) টি | অনুর্ধ্ব ৩২ বছর | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে। |
| ২। | ক্যাশিয়ার (গ্রেড-১)<br>(গ্রেড-১৪ তম)<br>বেতন স্কেল: ১০,২০০- ২৪,৬৮০/- | ০১ (এক) টি | অনুর্ধ্ব ৩২ বছর | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য শাখায় অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে। |
| ৩। | সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪ তম)<br>বেতন স্কেল: ১০,২০০- ২৪,৬৮০/- | ০১ (এক) টি | অনুর্ধ্ব ৩২ বছর | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>খ) কম্পিউটার ব্যবহার দক্ষতা; এবং<br>গ) মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর/ পরিদপ্তর এবং দপ্তরের কমন নিয়োগ বিধিমালা ২০১৯ এর তপসিল-২ ও ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪। | হাউজ কিপার (গ্রেড-১৪ তম)<br>বেতন স্কেল: ১০,২০০- ২৪,৬৮০/- | ০১ (এক) টি | অনুর্ধ্ব ৩২ বছর | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| ৫। | স্টোর কিপার (গ্রেড-১৪ তম)<br>বেতন স্কেল: ১০,২০০- ২৪,৬৮০/- | ০১ (এক) টি | অনুর্ধ্ব ৩২ বছর | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>খ) কম্পিউটার পরিচালনাসহ গুদাম বা ভান্ডার রক্ষণাবেক্ষণ কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৬। | এভি অপারেটর (গ্রেড-১৫ তম)<br>বেতন স্কেল: ৯,৭০০- ২৩,৪৯০/- | ০১ (এক) টি | অনুর্ধ্ব ৩২ বছর | ক) কোন স্বীকৃত বোর্ড হইতে বিজ্ঞান শাখায় অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষা উত্তীর্ণ;<br>খ) অডিওভিজুয়াল ইকুইপমেন্ট পরিচালনায় অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা; এবং<br>গ) কম্পিউটার পরিচালনায় প্রয়োজনীয় দক্ষতা থাকিতে হবে। |
| ৭। | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬ তম)<br>বেতন স্কেল: ৯,৩০০- ২২,৪৯০/- | ০১ (এক) টি | অনুর্ধ্ব ৩২ বছর | ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ এবং সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ) কম্পিউটার ব্যবহারের দক্ষতা; এবং<br>গ) মন্ত্রণালয় বা বিভাগের সংযুক্ত অধিদপ্তর/ পরিদপ্তর এবং দপ্তরের কমন নিয়োগ বিধিমালা ২০১৯ এর তপসিল-২ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৮। | অফিস সহায়ক (গ্রেড-২০ তম)<br>বেতন স্কেল: ৮,২৫০- ২০,০১০/- | ০২ (দুই) টি | অনুর্ধ্ব ৩২ বছর | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**আবেদন করার নিয়মাবলী ও শর্তাবলী:**

১। **বয়স সীমা:**
০৯/১০/২০২৫ খ্রি. তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩২ বছর। তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। আবেদনকারী-কে চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ বরাবর "নমুনা ছক" মোতাবেক পূর্ণ নাম ও স্বাক্ষরসহ পূরণকৃত আবেদনপত্র, বর্ণিত প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযুক্ত করে আগামী ০৯/১০/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি কার্যালয়ে সরাসরি/ ডাকযোগে পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না।

৩। নির্ধারিত "চাকরির আবেদন ফরম" ও "প্রবেশ পত্রের নমুনা ফরম", রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের ওয়েবসাইটে www.rhdc.gov.bd হতে ডাউনলোড করা যাবে।

৪। ইতঃপূর্বে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তি নং- ২৯.৩৪.৮৪০০.২০৩.১২.০০১.২৩.৭১; তারিখ: ১৭/০৮/২০২৩ খ্রি. এর আওতায় যারা বিভিন্ন পদে আবেদন দাখিল করেছেন তাদের মধ্যে যাদের আবেদন অযোগ্য বিবেচিত হয়নি তাদের এ বিজ্ঞপ্তিতে নতুন করে আবেদন করার প্রয়োজন নেই। তবে, উক্ত বিজ্ঞপ্তির আওতায় অযোগ্য বিবেচিত প্রার্থীগণ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পূরণ সাপেক্ষে নতুন ভাবে আবেদন করতে পারবেন। সংশ্লিষ্ট আবেদনকারীর জানার সুবিধার্থে পূর্বের বিজ্ঞপ্তি'র আওতায় যোগ্য প্রার্থীদের তালিকা রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের ওয়েবসাইট www.rhdc.gov.bd-তে প্রকাশ করা হবে।

৫। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক (সত্যায়নকারী কর্মকর্তার নামযুক্ত সীল মোহর থাকতে হবে) সত্যায়িত করে সংযুক্ত করতে হবে।

ক) সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, ০৩ কপি ছবির ০১ (এক) কপি প্রবেশ পত্রের সাথে আঠা দিয়ে লাগাতে হবে এবং বাকী ০২ (দুই) কপি ছবি অফিসে ব্যবহারের জন্য ফরমের সাথে স্টাপলার পিন দিয়ে সংযুক্ত করতে হবে;

খ) স্বীকৃত বোর্ড/ বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত শিক্ষাগত যোগ্যতার সকল মূল/ সাময়িক সনদ ও প্রশিক্ষণ সংক্রান্ত সনদ (প্রযোজ্য ক্ষেত্রে);

গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌর মেয়র/ পৌর প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিক সনদ;

ঘ) রাঙ্গামাটি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দার সমর্থনে জেলা প্রশাসক অথবা সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দার সনদ;

ঙ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ;

চ) অভিজ্ঞতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে);

ছ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (মূলকপি);

জ) আবেদনপত্রের সাথে পরীক্ষার ফি বাবদ ৪০০/- (চারশত) টাকা (অফেরতযোগ্য) চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি এর নামীয় হিসাব নং- **৫৪১৯২৪০০০০৪৭২ এ** জমা প্রদান করে জমা স্লিপের মূলকপি সংযুক্ত করতে হবে।

৬। চাকরিরত প্রার্থীদের আবেদন প্রয়োজনীয় কাগজপত্রসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে পৌঁছাতে হবে। আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

৭। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৮। আবেদনপত্রে কোন অসত্য তথ্য পরিবেশন করলে এবং দাখিলকৃত কাগজপত্রাদি অসত্য/ ভুয়া বলে প্রমাণিত হলে কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে আবেদন/ নিয়োগ বাতিলসহ সংশ্লিষ্ট আবেদনকারীর বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

৯। প্রাপ্ত আবেদনপত্র বাছাইয়ের পর কেবলমাত্র কর্তৃপক্ষের বিবেচনায় যোগ্য প্রার্থীদের লিখিত/ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে।

১০। আবেদন পত্রের সাথে প্রেরিত কোন কাগজপত্রাদি ফেরত প্রদান করা হবে না।

১১। প্রবেশপত্রের মাধ্যমে লিখিত পরীক্ষা, নোটিশ বোর্ড ও রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের ওয়েবসাইট www.rhdc.gov.bd এর মাধ্যমে মৌখিক পরীক্ষার স্থান, তারিখ ও সময় জানানো হবে। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় আবেদনপত্রের সাথে সংযুক্ত সকল সনদপত্র/ কাগজপত্রের মূলকপি উপস্থাপন করতে হবে। লিখিত/ মৌখিক/ ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।

১২। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ আবেদনকারীদের পরীক্ষা গ্রহণ বা প্রার্থীত পদে নিয়োগ প্রদানে বাধ্য থাকবেন না।

১৩। কোটা সম্পর্কিত সরকারি সর্বশেষ জারিকৃত বিধি-বিধান, পার্বত্য এলাকার ক্ষেত্রে প্রযোজ্য বিধি-বিধান/ নীতিমালা ইত্যাদি অনুসরণ করা হবে।

১৪। প্রার্থীদের আবেদনপত্র গ্রহণ ও বাতিলের ক্ষেত্রে নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। এছাড়া, নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ প্রক্রিয়া স্থগিত/ বাতিল/ প্রত্যাহার/ নিয়োগ বিজ্ঞপ্তিতে প্রদর্শিত শূন্য পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধি করার সম্পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫। আবেদনকারীকে আবেদনপত্রের খামের উপরিভাগে লাল কালিতে আবেদনকৃত পদের নাম স্পষ্টভাবে লিখিত হবে এবং খামের বাম পার্শ্বে আবেদনকারীর পুর্ণ নাম ও ঠিকানা লিখতে হবে।

১৬। এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৭। নিয়োগের ক্ষেত্রে যেকোন ধরনের তদবির ও সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।

১৮। লিখিত ও ব্যবহারিক পরীক্ষার বিষয়ভিত্তিক নম্বর বণ্টন: প্রধান সহকারী, ক্যাশিয়ার (গ্রেড-১), সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, হাউজ কিপার, স্টোর কিপার, এভি অপারেটর, অফিস সহাকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ও অফিস সহায়ক পদের ক্ষেত্রে লিখিত ও ব্যবহারিক পরীক্ষার বিষয়ভিত্তিক নম্বর বণ্টন:

**তপসিল-২**

প্রধান সহকারী, ক্যাশিয়ার (গ্রেড-১), সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, হাউজ কিপার, স্টোর কিপার, এভি অপারেটর, অফিস সহাকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগে প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয়, নম্বর ইত্যাদি:

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ২০ | ৫০% | ৯০ মিনিট |
| | ২। ইংরেজি | ২০ | | |
| | ৩। গণিত | ২০ | | |
| | ৪। সাধারণ জ্ঞান | ১০ | | |
| | মোট | ৭০ | | |
| মৌখিক পরীক্ষা | | ৩০ | | |
| | সর্বমোট | ১০০ | | |

**তপসিল-৩**

সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর পদে সরাসরি নিয়োগের জন্য প্রার্থীদের সাঁটলিপি ও কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার বিষয়, সময়, গতি ও নম্বর:

| পদের নাম | পরীক্ষার বিষয় | ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজি পরীক্ষায় মোট নম্বর | বাংলা পরীক্ষায় মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর | ইংরেজি পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | সাঁটলিপি | ৭০ | ৪৫ | ১০০ | ১০০ | ৪০% | ৫০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| | কম্পিউটার মুদ্রাক্ষর | ৩০ | ২৫ | ৫০ | ৫০ | ৪০% | ৫০% | ১০ মিনিট | ১০ মিনিট |

ব্যাখ্যা:

১। সাঁটলিপি নোট প্রতিলিপিকরণ (Transcribe) এর জন্য ৩০ (ত্রিশ) মিনিট সময় বরাদ্দ থাকবে।
২। ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোন গতি অর্জন করে নাই বলে গণ্য হবে।
৩। বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ০৫ (পাঁচ) টি স্ট্রোক একটি শব্দ হিসেবে গণ্য হবে।
৪। সর্বনিম্ন গতিকে পাস নম্বর ৪০% (চল্লিশ শতাংশ) হিসেবে গণ্য হবে।

**তপসিল-৪**

অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগের জন্য প্রার্থীদের কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার বিষয়, সময়, গতি ও নম্বর

| পদের নাম | পরীক্ষার বিষয় | পরীক্ষার সময় | সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | গড় পাস নম্বর |
|---|---|---|---|---|---|---|
| অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ইংরেজি | ১০ মিনিট | ২০ শব্দ | ৫০ | ৪০% | ৫০% |
| | বাংলা | ১০ মিনিট | ২০ শব্দ | ৫০ | ৪০% | |

ব্যাখ্যা:

১। বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫ (পাঁচ) টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হবে।
২। ৫% (পাঁচ শতাংশ) এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করে নাই বলিয়া গণ্য হবে।
৩। সর্বনিম্ন গতিকে পাস নম্বর ৪০% (চল্লিশ শতাংশ) হিসেবে গণ্য করা হবে।

**তপসিল-৫**

অফিস সহায়ক পদে সরাসরি নিয়োগে প্রার্থীদের পরীক্ষার নাম, বিষয়, নম্বর ইত্যাদি:

| পরীক্ষার নাম | পরীক্ষার বিষয় | নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|
| লিখিত পরীক্ষা | ১। বাংলা | ২০ | ৫০% | ১ ঘণ্টা |
| | ২। ইংরেজি | ২০ | | |
| | ৩। গণিত | ২০ | | |
| | ৪। সাধারণ জ্ঞান | ১০ | | |
| | মোট | ৭০ | | |
| মৌখিক পরীক্ষা | | ৩০ | | |
| | সর্বমোট | ১০০ | | |

কৃষিবিদ কাজল তালুকদার
চেয়ারম্যান
রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ
রাঙ্গামাটি
www.rhdc.gov.bd, E-mail: cht.rhdc.yahoo.com

স্মারক নং- স্মারক নং- ২৯.৩৪.৮৪০০.২০১.৯৯.০০১.২৫/ 289 তারিখ: ২৪/০৯/২০২৫ খ্রি.

অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট), আজিমপুর, ঢাকা।
৪. মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি।
৫. জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৬. ডাঃ নীলু কুমার তঞ্চঙ্গ্যা, সদস্য, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি ও সদস্য নিয়োগের জন্য গঠিত বাছাই কমিটি।
৭. মুখ্য নির্বাহী কর্মকর্তা, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ।
৮. জনাব সালাহউদ্দীন আহমেদ, উপসচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় ও নিয়োগ কমিটিতে মন্ত্রণালয়ের প্রতিনিধি।
৯. পুলিশ সুপার, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১০. জনাব/ মিজ........................................................................ সদস্য, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ।
১১. নির্বাহী কর্মকর্তা, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ।
১২. সিভিল সার্জন, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১৩. হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি।
১৪. পিএ টু চেয়ারম্যান, রাঙ্গামাটি/ খাগড়াছড়ি/ বান্দরবান পার্বত্য জেলা পরিষদ।
১৫. সংশ্লিষ্ট কর্মকর্তা, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি। (বিজ্ঞপ্তিটি রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের ওয়েবসাইটে (www.rhdc.gov.bd) প্রকাশের জন্য বলা হলো।
১৬. সম্পাদক, দৈনিক বাংলাদেশ প্রতিদিন/ সম্পাদক, দৈনিক রাঙ্গামাটি। উপর্যুক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় আগামী ১৮/০৯/২০২৫ খ্রি. তারিখে স্বল্পপরিসরে একদিন প্রকাশপূর্বক পত্রিকার ০২ (দুই) কপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৭. নোটিশ বোর্ড, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি।
১৮. অফিস কপি।

২৪/০৯/২৫
(দেবাশীষ দেব)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
আঞ্চলিক জনসংখ্যা প্রশিক্ষণ ইনস্টিটিউট (RPTI), রাঙ্গামাটি
ও
সদস্য সচিব
বাছাই ও নিয়োগ কমিটি।
ফোন: ০২৩৩৩৩-০৪৯৪২
ই-মেইল: rptirangamati@niport.gov.bd